

বাংলাদেশ জাতীয় পরিচয়পত্র ইস্যু সংক্রান্ত বিজ্ঞপ্তি

কাতার প্রবাসী বাংলাদেশিদের জন্য দোহাস্থ বাংলাদেশ দূতাবাস- এ 'জাতীয় পরিচয় পত্র' সেবা প্রদান শুরু হয়েছে। যাদের জন্ম তারিখ ন্যূনতম ০১ জানুয়ারি ২০০৭ বা এর পূর্বে তারা দূতাবাস হতে এ সেবা গ্রহণ করতে পারবেন।

আবেদন করার প্রক্রিয়াঃ

- <https://services.nidw.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করে নিজ একাউন্ট তৈরি করার পর অনলাইন আবেদন করুন। **আবেদনকারীকে নিজ একাউন্ট তৈরি করবার সময় অবশ্যই কাতারি মোবাইল নাম্বার ব্যবহার করতে হবে।** আবেদনকারী উক্ত মোবাইলে একটি OTP পাবেন।
- আবেদনের সময় Place of Residence হিসেবে 'কাতার' সিলেক্ট করতে হবে।
- অনলাইন জন্মনিবন্ধনের তথ্য অনুসারে আবেদন ফর্ম পূরণ করতে হবে।
- জাতীয় পরিচয়পত্রে বর্তমান ঠিকানা উল্লেখ থাকবে বিধায়, ভোটার এলাকা নির্ধারণ এর ক্ষেত্রে অবশ্যই বর্তমান ঠিকানা সিলেক্ট করুন। আপনার নির্ধারিত ভোটার এলাকায় আপনার ভেরিফিকেশন হবে।
- বিশেষ এলাকা হিসাবে ঘোষিত ৪ জেলার ৩২ উপজেলার জন্য বিশেষ তথ্য ফরম পূরণ করতে হবে। উক্ত এলাকাগুলোর নাম এবং বিশেষ ফর্ম টি এখানে সংযুক্ত করা হলো।
- অনলাইন আবেদন সাবমিট করবার পর আপনার একাউন্ট হতে এপয়েন্টমেন্ট গ্রহণ করুন। পরবর্তীতে উক্ত নির্ধারিত তারিখে আবেদনকারীকে প্রয়োজনীয় কাগজপত্র সহ সশরীরে দূতাবাসে এসে বায়োমেট্রিক রেজিস্ট্রেশনের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। **এপয়েন্টমেন্ট ব্যতীত দূতাবাসে কোন ভাবেই বায়োমেট্রিক আবেদনের সুযোগ নেই।**
- NID আবেদনের ক্ষেত্রে বর্তমান পাসপোর্ট এবং অনলাইন জন্মনিবন্ধন তথ্যের মিল থাকা আবশ্যিক। অন্যথায় সে আবেদনটি গৃহীত হবে না।

দূতাবাসে বায়োমেট্রিক রেজিস্ট্রেশনের সময়সীমা: সকাল ১০.০০ হতে দুপুর ১.৩০
(ছুটির দিন ব্যতিত)

জাতীয় পরিচয়পত্র প্রসেসিং ফিঃ ৫৫ রিয়াল

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- অনলাইন আবেদনের কপি
- মূল পাসপোর্ট এবং পাসপোর্টের ফটোকপি
- জন্ম নিবন্ধন সনদ (বাংলা ও ইংরেজি) এবং অনলাইন ভেরিফাইড কপি
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি

বিশেষ দ্রষ্টব্যঃ

****আইনগত বিধি নিষেধ থাকায় জাতীয় পরিচয় পত্রের কোন ধরনের সংশোধনী আবেদন দূতাবাসে গ্রহণ করা হয় না। শুধুমাত্র নতুন জাতীয় পরিচয় পত্রের আবেদন গ্রহণ করা হয়।**